

মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১৭৪১

৪৯. রাসূলুল্লাহ (ﷺ) এর হুলা মুবারক (كتاب صفة النبي ﷺ)

পরিচ্ছেদঃ ১১. গোসাত খাওয়া প্রসঙ্গে

مَا جَاءَ فِي أَكْلِ اللَّحْمِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ قَالَ إِيَّاكُمْ وَاللَّحْمَ فَإِنَّ لَهُ
ضَرَاوَةً كَضَرَاوَةِ الْخَمْرِ
وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ أَدْرَكَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ
وَمَعَهُ حِمَالُ لَحْمٍ فَقَالَ مَا هَذَا فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَرِمْنَا إِلَى اللَّحْمِ فَاشْتَرَيْتُ بِدِرْهِمٍ
لَحْمًا فَقَالَ عُمَرُ أَمَا يُرِيدُ أَحَدُكُمْ أَنْ يَطْوِيَ بَطْنَهُ عَنْ جَارِهِ أَوْ ابْنِ عَمِّهِ أَيْنَ تَذْهَبُ عَنْكُمْ
هَذِهِ الْآيَةُ أَذْهَبْتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُمْ بِهَا

বাংলা

রেওয়ায়ত ৩৬. ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) বলেন, উমর ইবনে খাত্তাব (রাঃ) বলিয়াছেন, মাংস খাওয়া হইতে বিরত থাক। কেননা শরাবের (মদের) মতো মাংস খাওয়ারও একটা নেশা হয়।

ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) বলেন, উমর ইবন খাত্তাব (রাঃ) জাবির ইবনে আবদুল্লাহ আনসারী (রাঃ)-কে এমন অবস্থায় দেখিলেন যে, তখন তাহার (জাবিরের) সাথে মাংসের একটা পূর্ণ থলি ছিল। উমর (রাঃ) জিজ্ঞাসা করিলেন, ইহা কি? জাবির (রাঃ) জওয়াব দিলেন, ইয়া আমীরুল মুমিনীন! আমার মাংস খাওয়ার ইচ্ছা হইল, তাই এক দিরহামের মাংস ক্রয় করিলাম। উমর (রাঃ) বলিলেন, তোমাদের কেহই ইহা চায় না যে, নিজে না খাইয়া প্রতিবেশীকে খাওয়াইবে কিংবা তাহার চাচাত ভাইকে দিবে। তোমাদের নিকট হইতে এই আয়াতটি কোথায় গেল (যেখানে বলা হইয়াছে যে) (أَذْهَبْتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُمْ بِهَا) তোমরা পার্থিব জীবনে দুনিয়ার স্বাদ উপভোগ করিলে এবং বেশ উপকৃত হইলে (অতএব আজ উহার পরিণাম ভোগ কর)।

English

Yahya related to me from Malik from Yahya ibn Said that Umar ibn al-Khattab said, "Beware of meat. It has addictiveness like the addictiveness of

wine."

Yahya related to me from Malik from Yahya ibn Said that Umar ibn al-Khattab saw Jabir ibn Abdullah carrying some meat. He said, "What is this?" He said, "Amir al- muminin. We desired meat and I bought some meat for a dirham." Umar said, "Does one of you want to fill his belly apart from his neighbour or nephew? How can you overlook this ayat? 'You squandered your good things in the life of this world and sought comfort in them.' " (Sura 46 ayat 20).

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74638>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন